রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

রাকাব-এর প্রতিশ্রুতি, শূন্যের কোঠায় দুর্নীতি।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

প্রধান কার্যালয়, রাজশাহী
শাখা নিয়ন্ত্রণ বিভাগ

ফোন নং : ০২৪৭-৮৬০৫১৯
মোবাইল নং : ০১৭০৮-৮০৬০১২
ই-মেইল : dgmbcd@rakub.org.bd
ওয়েবসাইট : www.rakub.org.bd

শানিবি সার্কুলার নং-০৪/২০১৮ তারিখ: ১৪.০২.২০১৮

সকল জোনাল ব্যবস্থাপক
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: প্রধান কার্যালয় কর্তৃক নির্দেশিত ঋণ আদায় মেলা/ক্যাম্পে শ্রেণীকৃত ঋণ আদায়ে সাফল্য অর্জনকারী কর্মকর্তা-কর্মচারীগণকে পুরস্কার প্রদান সংক্রান্ত নীতিমালা।

প্রিয় মহোদয়

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক বিগত তিন বছর যাবৎ ক্রমাগতভাবে মুনাফা অর্জন করে আসছে। মুনাফার এ ধারা অব্যাহত রাখার স্বার্থে কর্মকর্তা ও কর্মচারীগণের ভাল কাজে অনুপ্রাণিত করা প্রয়োজন। সে বিবেচনায় গত ২১.১২.২০১৭ তারিখে অনুষ্ঠিত প্রধান কার্যালয়ের ব্যবস্থাপনা পর্যায়ের ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ৮৬তম মাসিক সভায় সর্বোচ্চ শ্রেণীকৃত ঋণ আদায়ের জন্য প্রতিটি জোনের মাঠকর্মী, শাখা ব্যবস্থাপক ও দুই বিভাগের দুইজন জোনাল ব্যবস্থাপককে পুরস্কৃত করার সুপারিশ করা হয়। তদপ্রেক্ষিতে প্রধান কার্যালয় কর্তৃক নির্দেশিত ঋণ আদায় মেলা/ক্যাম্পে শ্রেণীকৃত ঋণ আদায়ে সাফল্য অর্জনকারী কর্মকর্তা-কর্মচারীগণকে পুরস্কার প্রদান সংক্রান্ত একটি নীতিমালার প্রস্তাব ২৭ ডিসেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৬৮তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক তা নিম্নোক্তভাবে অনুমোদিত হয়:

ক) প্রধান কার্যালয় কর্তৃক নির্দেশিত ক্যাম্প বা মেলা আয়োজনের পূর্ববর্তী মাসের কোন শাখা/জোনের শ্রেণীকৃত ঋণ স্থিতির ন্যূনতম ৫% আদায় হলে ঐ শাখার মাঠকর্মী/শাখা ব্যবস্থাপক ও সংশ্লিষ্ট জোনাল ব্যবস্থাপক পুরস্কার প্রাপ্তির যোগ্যতা অর্জন করবেন।

খ) যোগ্যতা অর্জনকারী মাঠকর্মী/শাখা ব্যবস্থাপক/জোনাল ব্যবস্থাপকদের মধ্যে আনুপাতিকভাবে সর্বোচ্চ সাফল্য অর্জনকারীদেরকে পুরস্কৃত করা হবে।

গ) রাজশাহী ও রংপুর বিভাগ হতে আনুপাতিকভাবে সর্বোচ্চ সাফল্য অর্জনকারী একজন করে জোনাল ব্যবস্থাপক, প্রত্যেক জোন হতে সর্বোচ্চ দুইজন করে শাখা ব্যবস্থাপক ও দুইজন মাঠকর্মী পুরস্কার প্রাপ্তির যোগ্য হবেন।

ঘ) স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী'র ক্ষেত্রে পূর্ববর্তী মাসের শ্রেণীকৃত ঋণ স্থিতির ন্যূনতম ৫% আদায় হলে ব্যবস্থাপক ও সর্বোচ্চ সাফল্য অর্জনকারী মাঠকর্মী পুরস্কারের যোগ্য বলে বিবেচিত হবেন।

ঙ) পুরস্কারের যোগ্যতা অর্জনকারী প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীকে একটি ক্রেস্ট ও ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষরে প্রশংসাপত্র প্রদান করা হবে।

০২। পুরস্কার প্রাপ্তির যোগ্যতা অর্জনকারী মাঠকর্মী/শাখা ব্যবস্থাপক কর্তৃক শ্রেণীকৃত ঋণ আদায় সংক্রান্ত তথ্যাদি সংশ্লিষ্ট জোনাল নিরীক্ষা কর্মকর্তা, জোনাল ব্যবস্থাপকগণের ক্ষেত্রে বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা এবং স্থানীয় মুখ্য কার্যালয়ের ক্ষেত্রে প্রধান কার্যালয়ের অডিট ইউনিট কর্তৃক যাচাইকৃত ও প্রত্যায়িত হতে হবে। এ লক্ষ্যে পুরস্কার পাওয়ার যোগ্যতা অর্জনকারী কর্মকর্তা/কর্মচারীদের তথ্য নির্ধারিত ছকে শাখা ব্যবস্থাপক ও দ্বিতীয় কর্মকর্তার প্রত্যয়নসহ ক্যাম্প/মেলা অনুষ্ঠিত হওয়ার ১০ কর্মদিবসের মধ্যে জোনাল কার্যালয়ে প্রেরণ করবে। জোনাল কার্যালয় প্রস্তাবসমূহ যাচাই এর জন্য তিন কর্মদিবসের মধ্যে জোনাল নিরীক্ষা কার্যালয়ে প্রেরণ করবে। জোনাল নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক প্রাপ্ত তথ্য ১০ কর্মদিবসের মধ্যে যাচাই এর পর প্রস্তাবসমূহ পুনরায় জোনাল কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০৩। জোনাল নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা ও অডিট ইউনিট কর্তৃক যাচাই করার পর জোনাল কার্যালয়, বিভাগীয় কার্যালয় এবং স্থানীয় মুখ্য কার্যালয় কর্তৃক প্রত্যয়নপত্রসমূহ সংগ্রহপূর্বক পুরস্কার প্রাপ্তির প্রস্তাব ঋণ আদায় মেলা/ক্যাম্প শেষ হওয়ার তারিখ হতে পরবর্তী এক মাসের মধ্যে শাখা নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করতে হবে। শাখা নিয়ন্ত্রণ বিভাগ উক্ত প্রস্তাবসমূহ নিম্নোক্তভাবে গঠিত "পুরস্কার প্রদান কমিটি"র সভায় উপস্থাপন করবে :

ক্রঃ নং	পদবী	কমিটিতে অবস্থান
১।	মহাব্যবস্থাপক (পরিচালন)	সভাপতি
২।	উপ-মহাব্যবস্থাপক, ঋণ আদায় বিভাগ-১	সদস্য
৩।	উপ-মহাব্যবস্থাপক, ঋণ ও অগ্রিম বিভাগ-১	সদস্য
৪।	উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-১	সদস্য
৫।	উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ বিভাগ	সদস্য-সচিব

চলমান পাতা-০২

শাখা নিয়ন্ত্রণ বিভাগ কমিটি কর্তৃক সুপারিশকৃত কর্মকর্তা-কর্মচারীগণকে ব্যাংক ব্যবস্থাপনার অনুমোদনক্রমে পুরস্কার প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। পুরস্কারের জন্য চূড়ান্তভাবে মনোনীত মাঠকর্মী/শাখা ব্যবস্থাপক/জোনাল ব্যবস্থাপকের তালিকা যথাসময়ে অবহিত করা হবে। পুরস্কারপ্রাপ্তদের ক্রেস্ট এবং প্রশংসাপত্র প্রধান কার্যালয় হতে সরবরাহ করা হবে।

০৪। হিসাবের সঠিকতা নিশ্চিতকরণ: মাঠকর্মী ও শাখা ব্যবস্থাপকের পুরস্কার প্রাপ্তির ক্ষেত্রে শাখার মোট ঋণ আদায় এবং শ্রেণীকৃত ঋণ আদায় তথ্য সঠিকভাবে দেখানো হয়েছে কিনা তা যাচাই করে দেখতে হবে এবং হিসাবের সঠিকতা সম্পর্কে ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তার প্রত্যয়ন প্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে। জোনের ক্ষেত্রে জোনাল ব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট কাজে নিয়োজিত কর্মকর্তার প্রত্যয়নপত্র দিতে হবে। ভুল/মিথ্যা তথ্য প্রদানের জন্য দায়ী কর্মকর্তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে।

'ছক'

পুরস্কার প্রাপ্তির যোগ্যতা অর্জনকারী মাঠকর্মী/শাখা/জোনের নাম:...

৩০ জুন তারিখে CL-1 বিবরণীর ভিত্তিতে শ্রেণীকৃত ঋণের স্থিতি		প্রধান কার্যালয় কর্তৃক নির্দেশিত ঋণ আদায় ক্যাম্প/মেলার পূর্ববর্তী মাস পর্যন্ত শ্রেণীকৃত ঋণ আদায়		প্রধান কার্যালয় কর্তৃক নির্দেশিত ঋণ আদায় ক্যাম্প/মেলার পূর্ববর্তী মাস পর্যন্ত শ্রেণীকৃত ঋণ স্থিতি		শুধুমাত্র নির্দেশিত ক্যাম্প/মেলায় শ্রেণীকৃত ঋণ আদায়		পূর্ববর্তী মাসের শ্রেণীকৃত ঋণ স্থিতির তুলনায় শ্রেণীকৃত ঋণ আদায়ের হার	ক্যাম্প/মেলা অনুষ্ঠান পরবর্তী শ্রেণীকৃত ঋণের স্থিতি	
সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ		সংখ্যা	পরিমাণ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

২য় কর্মকর্তা/কর্মকর্তা

ব্যবস্থাপক/জোনাল ব্যবস্থাপক

শাখার তথ্য উপাত্ত যাচাই করে উপরোক্ত তথ্য সঠিক পাওয়া গেল।

জোনাল নিরীক্ষা কর্মকর্তা/বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা/উপ-মহাব্যবস্থাপক, অডিট ইউনিট

আপনার বিশ্বস্ত

১৪.০২.২০১৮

(অসিত কুমার সরকার)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/শানিবি-১৬৯/২০১৭-২০১৮/৮১১(৩৯৬)/৫৫

তারিখ: ১৪.০২.২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট,রাজশাহী।
০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), জোনাল নিরীক্ষা কার্যালয়, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। জনসংযোগ কর্মকর্তা, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১৩। অফিস কপি।

১৪.০২.২০১৮

(শামীমা ফেরদৌস শিমুল)
ঊর্ধতন মুখ্য কর্মকর্তা

D:\Computer-2\Circular & Circular Ltr\Shameema SPO.docx